আজকের কাগজ

তারিখ 28 AUG 1996
পৃষ্ঠা ৬ কলাম ৪

# শাহজালাল বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদ নির্বাচনে ছাত্রলীগের বিজয়

সিলেট প্রতিনিধি ঃ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদ (শাকসু) ও হল সংসদ নির্বাচনে ছাত্রলীগ নিরঙ্কুশ সংখ্যা গরিষ্ঠতা অর্জন করেছে। গত রোববার শান্তিপূর্ণভাবে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। বাংলাদেশ ছাত্রলীগ (শা-পা), ছাত্রদল, জাতীয় ছাত্রদল ও শিবির অংশ নেয়। শেষোক্ত সংগঠন দু'টি নির্বাচনে কোনো আসন পায়নি।

রোববার রাত পৌনে ২টায় ঘোষিত ফলাফল অনুযায়ী শাকসুর ১৯টি পদের মধ্যে ছাত্রলীগ সহসভাপতি, সাধারণ সম্পাদক ও সহসাধারণ সম্পাদকসহ ১৬টি পদে এবং ছাত্রদল ৩টি পদে জয়ী হয়েছে। শাহ পরান হলের ১৩টি পদের মধ্যে ছাত্রদল ৭টি এবং ছাত্রী হলের ১১টি পদের মধ্যে ছাত্রদল ২টি পায়। অন্যদিকে শাহ পরান হলে সাধারণ সম্পাদক ও সহসম্পাদকসহ ছাত্রলীগ পেয়েছে ৬টি পদ, এ ছাড়া ছাত্রী হলে ছাত্রলীগ সহসভাপতি, সাধারণ সম্পাদক ও সহসাধারণ সম্পাদকসহ ৯টি পদ লাভ করে।